<p>বিষয়বস্তু</p>	<ol style="list-style-type: none"> ১. তাপমাত্রার জন্য বেস্ট প্র্যাকটিস বজায় রাখা ২. কঠোর স্বাস্থ্যবিধি অনুসরণ ৩. এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবারগুলো মান অনুযায়ী সর্বোত্তম সতেজতা এবং গুণমান বজায় রাখা ৪. এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী রন্ধনশৈলীধারাবাহিকতার উপযুক্ত মানের জন্য পুনর্গঠন
<p>অ্যাক্টিভিটি/টাস্ক/জব</p>	<ol style="list-style-type: none"> ১. এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করুন।
<p>প্রশিক্ষণ পদ্ধতি</p>	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
<p>অ্যাসেসমেন্ট পদ্ধতি</p>	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করতে পারবে।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের “এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করতে পারবে” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট -৩ এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করতে পারবে।
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ৩ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৩ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন। জব শিট-৩: এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করুন। স্পেসিফিকেশন শিট-৩: এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করুন।

ইনফরমেশন শিট (Information Sheet) ৩: এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করতে পারবে।

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে।

৩.১ তাপমাত্রার জন্য বেস্ট প্র্যাকটিস বজায় রাখা।

৩.২ কঠোর স্বাস্থ্যবিধি অনুসরণ।

৩.৩ এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবারগুলো মান অনুযায়ী সর্বোত্তম সতেজটা এবং গুণমান বজায় রাখা।

৩.৪ এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী রন্ধনশৈলীধারাবাহিকতার উপযুক্ত মানের জন্য পুনর্গঠন।

৩.১ তাপমাত্রার জন্য বেস্ট প্র্যাকটিস বজায় রাখা।

তাপমাত্রার বেস্ট প্র্যাকটিস বজায় রাখতে হলে তাপমাত্রার নিয়ন্ত্রণের ধারণা সম্পর্কে যথাযথ জ্ঞান থাকতে হবে। নিম্নে তাপমাত্রা নিয়ন্ত্রণের কয়েকটি নিয়ম উল্লেখ করা হলো।

তাপমাত্রা নিয়ন্ত্রণঃ

- **রেফ্রিজারেশনঃ** পচনশীল খাদ্যদ্রব্য ৮ ডিগ্রি সেলসিয়াস এর চেয়ে কম তাপমাত্রায় রেখে কার্যকরীভাবে ব্যাকটেরিয়ার বংশ বৃদ্ধি প্রতিহত করা যায়। রেফ্রিজারেটর এবং চিলারে ৫ ডিগ্রি সেলসিয়াস অথবা এর চেয়ে কম তাপমাত্রা ব্যবহার, করার জন্য সুপারিশ করা হয়।
- **ফ্রিজিং :** হিমায়িত খাদ্যের তাপমাত্রা -১৮ ডিগ্রী সেলসিয়াস বা তার চেয়ে কমে রেখে ব্যাকটেরিয়ার বংশ বৃদ্ধি প্রতিহত করা যায়।
- **কুকিং:** বেশীর ভাগ ব্যবকটেরিয়া ৭৫ ডিগ্রী সেলসিয়াস বা তার চেয়ে বেশী তাপমাত্রায় ধংশ প্রাপ্ত হয়। আবার কম তাপমাত্রায় রান্না করাটাও স্বাস্থ্যকর। যাই হোক উপযুক্ত তাপমাত্রা এবং সময়ের তালিকা কুকিং হ্যাসাপ চার্টে অনুযায়ী আমাদের ব্যবহার করতে হবে।
- **গরম রাখা:** গরম খাদ্যে ব্যাকটেরিয়ার বৃদ্ধি প্রতিহত করতে ৬৩ ডিগ্রী সেলসিয়াসের বেশী তাপে রাখতে হবে।
- **ঠান্ডা:** ঠান্ডা খাদ্যকে যত দূর সম্ভব ঠান্ডা করতে হবে এবং রেফ্রিজারেটরে রাখতে হবে। সেক্ষেত্রে খাদ্যে কিছু অণুজীব থাকলেও তাদের বংশ বৃদ্ধি রোধ করা সম্ভব।
- **পূর্ণরায় তাপায়ন :** পূর্বে তাপায়িত সকল খাদ্য যা পূর্ণরায় তাপায়িত করতে হবে তা Aek" B ৮২ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা নিশ্চিত করতে হবে। যা খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করবে কিছু ক্ষেত্রে তা আইনগত ভাবে স্বীকৃত। অনেক অংশেই উচ্চ তাপমাত্রা খাদ্যের গুণগতমানের অবনতি ঘটায়। তাই উপযুক্ত তাপমাত্রা এবং সময়ের সমন্বয়ের মাধ্যমে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। উদাহরণ স্বরূপ বলা যায় যখন কোন খাদ্যের কেন্দ্রের তাপমাত্রা ৭০ ডিগ্রী সেলসিয়াস তখন মাত্র ২ মিনিট তাপায়িত করাই যথেষ্ট।
- **বিপদ জনক এলাকা :** এই তাপমাত্রা সরাসরি বিপদ জনক তাপমাত্রার সাথে জড়িত। বিপদ জনক এলাকায় খুব অল্প সময়েও ক্ষতিকর অণুজীব পর্যাপ্ত পরিমাণে জন্মাতে নাপারলেও তা স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ। স্বাভাবিক নিয়ম হচ্ছে, উচ্চ ঝুঁকি সম্পন্ন খাদ্য ৫ ডিগ্রী সেলসিয়াস থেকে ৬০ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় ৪ ঘন্টা পর্যন্ত রাখা যাবে। এই সময়ের পরে তা অবশ্যই ফেলে দিতে হবে। যেমনঃ কাঁচা মাংস রান্না করা হলে রান্নার পর

থেকে সময়ের হিসাব করতে হবে। নিয়মটি হচ্ছে যদি উচ্চ বুকি সম্পন্ন কোন রান্না করা খাদ্য ৫ ডিগ্রী সেলসিয়াস থেকে ৬০ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় থাকে।

- দুই ঘন্টা তার চেয়ে কম সময় হয় তবে এটি দ্রুত রেফ্রিজারেটরে রাখতে হবে অন্যথায় দ্রুত ব্যবহার করতে হবে।
- চার ঘন্টার চেয়ে কম এবং দুই ঘন্টার চেয়ে বেশী সময় হয় তবে এটি দ্রুত রেফ্রিজারেটরে রাখতে হবে অন্যথায় দ্রুত ব্যবহার করতে হবে।
- চার ঘন্টা বা তারও চেয়ে বেশী সময় ইহা অবশ্যই ফেলে দিতে হবে।

৩.২ কঠোর স্বাস্থ্যবিধি অনুসরণ

স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হলে স্বাস্থ্যবিধি সম্পর্কে যথাযথ জ্ঞান থাকা আবশ্যিক। নিম্নে স্বাস্থ্যবিধি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করা হলো-

স্বাস্থ্যবিধি

পরিষ্কার-পরিচ্ছন্নতার নাম স্বাস্থ্যবিধি। কিছু অবস্থা আর শর্তের মধ্য দিয়ে স্বাস্থ্যকে বজায় রাখতে আর রোগ ঠেকাতে বিশেষত পরিষ্কার পরিচ্ছন্নতার মধ্য দিয়ে যে পদ্ধতি অবলম্বন করা হয় তাকে স্বাস্থ্যবিধি বলে। খাবার গ্রহণের মানুষ যাতে অসুস্থ না হয় তাই স্বাস্থ্যবিধির গুরুত্ব অপরিসীম।

স্বাস্থ্যবিধি প্রাকারভেদ

- ব্যক্তিগত স্বাস্থ্যবিধি
- কাজের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি
- খাবারের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি

ব্যক্তিগতস্বাস্থ্যবিধি: (শিখনফল -১ এর ইনফরমেশন শিট দেখুন)

কাজের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি

রান্নাঘরের সর্বোত্তম স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিত করার জন্য কী করা উচিত? আপনার রান্নাঘরটি স্যানিটাইজড, পরিষ্কার এবং জীবাণুমুক্ত রাখার জন্য নিচে ৫টি গুরুত্বপূর্ণ পরামর্শ তুলে ধরা হলো:

- **গ্যাসের চুলা:** গ্যাসের চুলা এমন একটি জায়গা যেখানে সময়ের সাথে সাথে সংক্রমণের প্রজনন ক্ষেত্র হয়ে উঠতে পারে। এজন্য বিশেষজ্ঞরা রান্নার পরে পানির সাথে সাবান বা ডিটারজেন্টের মিশ্রণ দিয়ে চুলা পরিষ্কার করার পরামর্শ দেন। এই সাধারণ অনুশীলনটি রান্নাঘরের এবং রান্না করা খাবারের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যমান নিশ্চিত করবে।
- **রান্নাঘর কাউন্টার এবং স্ল্যাব:** রান্নাঘর কাউন্টার এবং স্ল্যাব হলো যেখানে শাকসবজি, ফল এবং অন্যান্য উপাদানগুলি ধোয়ার আগে রাখা হয়। রান্না করার পূর্বে জীবাণু সৃষ্টি ও দূষণ রোধ করার জন্য রান্নাঘরের স্ল্যাবগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন করে নেওয়া উচিত। চপিং বোর্ড রান্নার জন্য অত্যন্ত আবশ্যিকীয় পণ্য। তাই এটি নিয়মিত পরিষ্কার করতে হবে। ভালোভাবে পরিষ্কারের জন্য লবণ এবং লেবুর জলের মিশ্রণ ব্যবহার করতে পারেন।

- **শাকসবজি ও ফল:** যখন খাদ্য সুরক্ষার কথা আসে, তখন কেবল খাবারের আশেপাশের জায়গাগুলোই নয়, খাবার গুলোও সর্বোচ্চ মানের কিনা তা নিশ্চিত হওয়া উচিত। খাবার দূষিত হওয়ার ঝুঁকি মোকাবেলায় শাকসবজি খাওয়ার আগে আপনাকে সঠিকভাবে পরিষ্কার করে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করার পরামর্শ দেওয়া হয়। ঘরোয়া প্রতিকার গুলো এ ক্ষেত্রে কার্যকর নাও হতে পারে। এজন্য বিশেষজ্ঞরা মানসম্মত ক্লিনার ব্যবহারের পরামর্শ দেন। ১০০% প্রাকৃতিক ভাবে প্রাপ্ত ফল এবং শাকসবজি ক্লিনজার ক্লোরিন, অ্যালকোহল এবং রাসায়নিক ব্যবহার ছাড়াই ৯৯.৯% জীবাণু, কীটনাশক এবং মোমতুল্য পদার্থ অপসারণ করতে সহায়তা করে। ভারতের পুষ্টিবিদ নিম্মি আগরওয়াল বলেছেন, ‘বর্তমান পরিস্থিতিতে আমরা স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, সুপারফুডের ব্যবহার এবং ডায়েটে শাকসবজি যুক্ত করি। তবে আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ- খাওয়ার আগে তা ভালোভাবে পরিষ্কার করে নেওয়া। অথচ সেটাই খুবই হালকাভাবে গ্রহণ করি।
- **পাত্র এবং সংরক্ষণের স্থান:** খাদ্য সুরক্ষার একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো পাত্র এবং যে পাত্রে খাদ্য সংরক্ষণ করা হয়। মসুর ডাল এবং আটা প্রায়শই পোকামাকড় দ্বারা সংক্রামিত হয়। যা রোগ এবং সংক্রমণের কারণ হতে পারে। তাই প্রতিবার ব্যবহারের পরে পাত্র সাবান বা ডিটারজেন্টের সাহায্যে ধুয়ে নেওয়া প্রয়োজন। এছাড়াও খাবারে পচন হ্রাস করার জন্য পাত্রগুলোতে উপাদান রাখার আগে এগুলো অবশ্যই সম্পূর্ণ শুকনো রাখতে হবে।
- **সরঞ্জাম:** ব্লেন্ডার, মিক্সার, রেফ্রিজারেটর, মাইক্রোওয়েভ, ওভেন, গ্রিলস, টোস্টার এবং আরও যা কিছু রান্নাঘরের সরঞ্জাম ব্যবহার করা হয়, এগুলো হাতের সাহায্যে ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে। মাইক্রোওয়েভ প্রায়শই অগোছালো এবং নোংরা হতে পারে, তাই এটি নিয়মিত পরিষ্কার করা উচিত। বিশেষজ্ঞরা ভিনেগার এবং পানিভিত্তিক ক্লিনার ব্যবহার করার পরামর্শ দেন। ভালোমতো পরিষ্কারের জন্য মাইক্রোওয়েভের বাটিটি গরম করুন এবং দ্রুত দাগ দূর করতে স্পঞ্জ ব্যবহার করুন।

মূলকথা রান্নাঘর সব সময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন। রান্নাঘরের সরঞ্জাম এবং কাঁচামাল সর্বোচ্চ স্যানিটেশন করে রাখলে, আপনি সর্বদা জীবাণুমুক্ত, স্বাস্থ্যকর রান্নাঘর নিশ্চিত করতে পারবেন।

খাবারের স্বাস্থ্যবিধি

খাবারের স্বাস্থ্যবিধি বলা হয় খাদ্যে বিষক্রিয়া রোধের জন্য যে স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয় তাকে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) মতে খাবারের স্বাস্থ্যবিধির পাঁচটি চাবিকাঠি হলঃ

- খাদ্যে রাসায়নিক ব্যবহার, মানুষ বা প্রাণী থেকে রোগ জীবাণু বিস্তারের মাধ্যমে খাদ্য দূষণ রোধ করুন।
- কাঁচা এবং রান্না করা খাবার আলাদা রাখুন যাতে রান্না করা খাবার দূষিত না হয়।
- জীবাণু মেরে ফেলতে খাবার উপযুক্ত তাপমাত্রায় প্রয়োজনীয় সময় যাবৎ রান্না করুন।
- খাবার উপযুক্ত তাপমাত্রায় সংরক্ষণ করুন।
- নিরাপদ পানি এবং কাঁচামাল ব্যবহার করুন।

৩.৩ এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবারগুলো মান অনুযায়ী সর্বোত্তম সতেজতা এবং গুণমান বজায় রাখা।

নিরাপদে খাদ্য রাখুন পচনশীল খাবারের সতেজতা বজায় রাখতে এবং ক্ষতিকারক ব্যাকটেরিয়ার বৃদ্ধি রোধ করতে সঠিকভাবে খাবার সংরক্ষণ করুন। ফ্রিজে রাখা খাবার ৫ ডিগ্রী সেলসিয়াস বা তার নিচে এবং হিমায়িত খাবার ১৮ ডিগ্রী সেলসিয়াস বা তার নিচে রাখুন। খাবারের মেয়াদ শেষ হওয়ার তারিখগুলিতে মনোযোগ দিন।

৩.৪ এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী রন্ধনশৈলী ধারাবাহিকতার উপযুক্ত মানের জন্য পূর্ণগঠন।

এশিয়ান রন্ধনশৈলী ধারাবাহিকতার পূর্ণগঠন

এশীয় রন্ধনশৈলী হচ্ছে কিছু প্রধান আঞ্চলিক রন্ধনশৈলী পূর্ব এশীয় রন্ধনশৈলী, দক্ষিণ পূর্ব এশীয় রন্ধনশৈলী, দক্ষিণ এশিয়া রন্ধনশৈলী, মধ্য এশীয়, এবং মধ্যপ্রাচ্যীয় রন্ধনশৈলী নিয়ে গঠিত। রন্ধনশৈলী হচ্ছে রান্নার অভ্যাস এবং ঐতিহ্যের সম্মিলন যা সাধারণত একটি নির্দিষ্ট সংস্কৃতির সাথে যুক্ত। বৃহত্তম এবং সর্বাধিক জনবহুল মহাদেশ এশিয়া হচ্ছে অনেক সংস্কৃতির বাসস্থান যাদের নিজস্ব বৈশিষ্ট্যের রন্ধনশৈলী আছে। এশিয়া মহাদেশের পূর্ব ও দক্ষিণপূর্ব অঞ্চলের বহু সংস্কৃতির মধ্যে একই ধরনের উপাদানের ব্যবহার রয়েছে যেমন চাল, আদা, রসুন,, তিল বীজ, চিনি, শুকনো পেঁয়াজ, সয়া, এবং তোফু। ভাজা, সিদ্ধ ভাজা, কড়া ভাজা এই অঞ্চলের সাধারণ রান্নার পদ্ধতি। বেশিরভাগ এশিয়ান রন্ধনশৈলীর মধ্যে চালের ব্যবহার সাধারণ। যদিও বিভিন্ন অঞ্চলে বিভিন্ন ধরনের চালের জনপ্রিয়তা রয়েছে। উপমহাদেশে বাসমতি চাল জনপ্রিয়, জুঁই চাল প্রায়ই দক্ষিণ-পূর্বের অঞ্চলে পাওয়া যায়। তবে চীনে লম্বা দানার চাল এবং জাপান ও কোরিয়ায় ছোট দানার চাল জনপ্রিয়। দক্ষিণ, পশ্চিম ও দক্ষিণপূর্ব এশিয়ার মধ্যে তরকারি একটি সাধারণ পদ। তবে এটি পূর্ব এশিয়ার রান্নায় সচরাচর দেখা যায় না। ভারত ও অন্যান্য দক্ষিণ এশীয় দেশগুলির তরকারিতে দইয়ের ব্যবহার লক্ষ্য করা যায় এবং দক্ষিণ-পূর্ব ও পূর্বাঞ্চলীয় অঞ্চলে তরকারিতে সাধারণত নারকেল দুধকে তরকারির ভিত্তি হিসাবে ব্যবহার করে।

ইন্ডিয়ান রন্ধনশৈলী ধারাবাহিকতার পূর্ণগঠন

ভারতীয় রসনা বা ভারতীয় রন্ধনশৈলী বলতে ভারতের বিভিন্ন আঞ্চলিক এবং প্রথাগত রন্ধনশৈলীর সমন্বয় বোঝায়। মাটির ধরন, আবহাওয়া, সংস্কৃতি, নৃগোষ্ঠী এবং পেশা এই রসনাকে দিয়েছে বহুমাত্রিক বৈচিত্র্য। এসব রন্ধনশৈলীতে স্থানীয়ভাবে পাওয়া মশলা, গুল্ম, শাকসবজি এবং ফল ব্যবহৃত হয়। ভারতীয় রসনা ধর্ম বিশেষ করে হিন্দু এবং মুসলিম ধর্ম দ্বারা ব্যাপকভাবে প্রভাবিত হয়েছে। মুঘল শাসনামল থেকে বিশেষ করে উত্তর ভারতীয় রন্ধনশৈলীতে মধ্য প্রাচ্য এবং মধ্য এশিয়া প্রভাব বিস্তার করে আছে। অন্যান্য সংস্কৃতির সংগে ভারতীয় সংস্কৃতির মেলবন্ধন অব্যাহত থাকায় ভারতীয় রসনার পরিধি এখনও বিস্তৃত হচ্ছে।

বাংলাদেশী রন্ধনশৈলী ধারাবাহিকতার পূর্ণগঠন

বাংলাদেশী রন্ধনশৈলী হলো রান্নার একটা শৈলী যা ভারতীয় উপমহাদেশের পূর্বাঞ্চলে বঙ্গে উৎপত্তি লাভ করে। প্রাচীন বঙ্গ অঞ্চল বর্তমানে বাংলাদেশ এবং ভারতের পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং আসামের বরাক ভ্যালীতে বিভক্ত হয়ে পড়েছে। এই অঞ্চলে প্রধান খাবার ভাত এবং মাছের সাথে মাংস, সজ্জি, ডাল দিয়ে সমৃদ্ধ হয়েছে এর খাদ্য সম্ভার। সব খাঁটি বাঙালি খাবারই এসেছে বাঙালি রন্ধনশৈলী থেকে।

সেলফ চেক (Self-Check)-৩: এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করতে পারবে।

১. ফুড পয়জনিং কাকে বলে?

উত্তর:

২. খাদ্য সংরক্ষণ বলতে কি বুঝ? খাদ্য সংরক্ষণের পাঁচটি নিয়ম লিখুন-

উত্তর:

৩. খাবারের ক্ষেত্রে স্বাস্থ্য বিধি কি?

উত্তর:

৪. কর্মক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্নতার প্রয়োজনীয়তা কি?

উত্তর:

উত্তর পত্র (Answer Key)- ৩: এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করতে পারবে

১. ফুড পয়জনিং কাকে বলে?

উত্তর: ফুড পয়জনিং : বিভিন্ন অনুবীক্ষণিক জীব দ্বারা নষ্ট হয়ে যাওয়া খাদ্য থেকে খাদ্যনালী ও পাকস্থলীর তন্ত্রের যে বিষক্রিয়া বা অসুস্থতার সৃষ্টি হয় তাকে খাদ্যে বিষক্রিয়া বা ফুড পয়জনিং বলে।

২. খাদ্য সংরক্ষণ বলতে কি বুঝ? খাদ্য সংরক্ষণের পাঁচটি নিয়ম লিখুন-

উত্তর: খাদ্যদ্রব্য কে ব্যাকটেরিয়ার আক্রমণ থেকে রক্ষা এবং অন্যান্য অনুজীবের আক্রমণ থেকে রক্ষা করে এবং খাদ্যের জারন না ঘটতে দিয়ে এর পচন রুদ্ধ করে খাদ্যের স্বাদ ও গুণগত মান অক্ষুণ্ন রাখার প্রক্রিয়াকে খাদ্য সংরক্ষণ বলে। যেমন –

পিকোলিং: তেল ও শিরকায় সংরক্ষণ।

ড্রাইং বা শুষ্ক করন : রোদে শুকিয়ে সংরক্ষণ।

ফ্রিজিং বা হিমাযিত করণ: বিভিন্ন খাদ্যদ্রব্য ব্লাঞ্চিং করে পানি শুকিয়ে ফ্রিজিং পদ্ধতিতে খাদ্য সংরক্ষণ করা যায়।

কিউরিং বা আসমাসিস পদ্ধতি : মাছ, এবং মাংস লবণযুক্ত করণ করে কিউরিং পদ্ধতিতে সংরক্ষণ করা যায়।

ক্যানিং পদ্ধতি : জার বা ক্যানে সংরক্ষণ প্রক্রিয়া যা খাদ্যের গুণগত মান বজায় রেখে এনজাইম নিষ্ক্রিয় করে।

৩. খাবারের ক্ষেত্রে স্বাস্থ্য বিধি কি?

উত্তর: খাবারের ক্ষেত্রে স্বাস্থ্য বিধি : খাদ্য দূষণ, খাদ্যের বিষক্রিয়া ও খাদ্য থেকে বিভিন্ন রোগ বিস্তার প্রতিরোধ করার জন্য যে প্রক্রিয়া অবলম্বন করা হয় তাকে ফুড হাইজিন বা খাবারের ক্ষেত্রে স্বাস্থ্য বিধি বলে।
উদাহরণ- খাবার তৈরীর সঙ্গে জড়িত ব্যক্তিদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ও পরিষ্কার পরিচ্ছন্নতা মেনে চলা টুলস এবং ইউটেম্পিল পরিষ্কার পরিচ্ছন্ন রাখা কাজ করার স্থান কাজের আগে ও পরে পরিষ্কার ও জীবাণুমুক্ত করা

৪. কর্মক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্নতার প্রয়োজনীয়তা কি?

উত্তর: কর্মক্ষেত্রের প্রথম ও প্রধান শর্ত হচ্ছে নিজেকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, এবং কর্মক্ষেত্র তথা কর্মক্ষেত্র ব্যবহৃত সরঞ্জামাদি পরিষ্কার পরিচ্ছন্ন রাখা কারণ অপরিষ্কার অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করা মানেই নিজেকে ও চারপাশের মানুষকে অসুস্থ করে তোলা এবং খাদ্যে বিষক্রিয়া সৃষ্টি করা, এজন্যই পরিষ্কার পরিচ্ছন্নতা জরুরী।

জব শিট- ৩: এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করুন।

জবের নাম : কাঁচা মাছ-মাংস ফ্রিজে সংরক্ষণ

কাজের ধারা:

(কাজের সময় অবশ্যই রান্না ঘর/কিছেনের চাহিদানুযায়ী নিরাপত্তা বিধি অনুসরণ এবং রান্না ঘর/কিছেনের বেসিক সুবিধাদি নিশ্চিত করতে হবে।)

১. কাজের প্রয়োজন অনুযায়ী বক্তিতগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।
২. কাঁচা মাছ বা মাংস ফ্রিজে ঢোকানোর আগেই ফ্রিজ পরিষ্কার করে নিন।
৩. একটি ব্যবহৃত বোলে কাঁচা মাছ বা মাংস ধুয়ে নিন।
৪. ধোয়ার পরে একটি এয়ার টাইট বক্সে কাঁচা মাছ বা মাংস রাখুন।
৫. সম্পূর্ণ কাজটি শেষ হলে ডিপ ফ্রিজে সংরক্ষণ করুন।
৬. এভাবে মাছ দুই সপ্তাহ, এবং গরু ও খাসির মাংস ছয় মাস পর্যন্ত ডিপ ফ্রিজে সংরক্ষণ করে রাখা যায়।

স্পেসিফিকেশন শিট- ৩: এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার সংরক্ষণ করুন।

জবের নাম : কীচা মাছ—মাংস ফ্রিজে সংরক্ষণ

খাদ্য সংরক্ষণ করার জন্য বিভিন্ন প্রক্রিয়া উদ্ভাবিত হয়েছে কিউরিং, পিকলিং, হিটিং, কুলিং এবং ফ্রিজিং ইত্যাদি খাদ্য সংরক্ষণের জনপ্রিয় কয়েকটি প্রক্রিয়ার মধ্যে থেকে ফ্রিজিং প্রক্রিয়াটি তুলে ধরা হলো। উদাহরণ স্বরূপ কাচা মাছে মাংস ফ্রিজে সংরক্ষণ-

প্রয়োজনীয় পিপিই

ক্রমিক নং	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	শেফ জ্যাকেট	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
২.	এপ্রোন	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৩.	শেফ নেকার	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৪.	শেফ সু	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৫.	কিচেন টাওয়েল	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০২

প্রয়োজনীয় টুলস ও ইউটেঞ্চিলস

ক্রমিক নং	টুলস এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	বোল	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
২.	লিকুইড সোপ	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৩.	ফোম স্ফাবার	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৪.	কিচেন টাওয়াল	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১

শিখনফল (Learning Outcome)- 8:ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে।

<p>অ্যাসেসমেন্ট মানদণ্ড</p>	<ol style="list-style-type: none"> ১. ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিলস কর্মক্ষেত্রের মান অনুযায়ী পরিষ্কার করতে সক্ষম হয়েছে ২. প্রোডাকশন এরিয়া রিকোয়ারমেন্ট অনুযায়ী পরিষ্কার করতে সক্ষম হয়েছে ৩. ত্রুটিযুক্ত ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পৃথক করা হয় এবং যথাযথ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করতে সক্ষম হয়েছে ৪. ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিলস প্যাক করা হয় এবং নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে সক্ষম হয়েছে
<p>শর্ত ও রিসোর্স</p>	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ভিভাইস
<p>বিষয়বস্তু</p>	<ol style="list-style-type: none"> ১. ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিলস পরিষ্কার করা ২. প্রোডাকশন এরিয়া রিকোয়ারমেন্ট অনুযায়ী পরিষ্কার করা ৩. ত্রুটিযুক্ত ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পৃথক করা হয় এবং যথাযথ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট প্রদান ৪. ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিলস প্যাক করে নির্ধারিত স্থানে সংরক্ষণ
<p>অ্যাক্টিভিটি/টাস্ক/জব</p>	<ol style="list-style-type: none"> ১. ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পরিষ্কার ও স্টোর করুন।
<p>প্রশিক্ষণ পদ্ধতি</p>	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
<p>অ্যাসেসমেন্ট পদ্ধতি</p>	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৪: ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের “ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট-৪ ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে।
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ৪ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৪ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন। জব শিট-৪: ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করুন। স্পেসিফিকেশন শিট-৪: ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করুন।

ইনফরমেশন শিট (Information Sheet) ৪: ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে।

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে।

- ৪.১ ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিলস পরিষ্কার করা।
- ৪.২ প্রোডাকশন এরিয়া রিকোয়ারমেন্ট অনুযায়ী পরিষ্কার করা
- ৪.৩ ত্রুটিযুক্ত ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পৃথক করে যথাযথ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট প্রদান
- ৪.৪ ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস নির্ধারিত স্থানে সংরক্ষণ।

৪.১ ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিলস পরিষ্কার করা।

ইকুইপমেন্ট এবং ইউটেনসিলস পরিষ্কার করা ও প্রোডাকশন এরিয়া পরিষ্কার ও স্যানিটাইজ করার উদ্দেশ্য হলো যাতে খাবারের মধ্যে ব্যাকটেরিয়া বৃদ্ধির জন্য প্রয়োজনীয় খাদ্য অপসারণ করা এবং উপস্থিত ব্যাকটেরিয়াকে মেরে ফেলা, কিচেনে/ওয়ার্কপ্লেসে সরঞ্জাম এবং যন্ত্রপাতি পরিষ্কার এবং স্যানিটাইজ করা ওই এলাকায় কর্মরত ব্যক্তির কাজের একটি অংশ। প্রতিটি কর্মরত ব্যক্তির দ্বারা ব্যবহৃত সরঞ্জাম এবং যন্ত্রপাতি প্রতিদিন পরিষ্কার করা সেই ব্যক্তির দায়িত্বের উপর বর্তায়। পরিষ্কার করার অনেক কারণ আছে কিন্তু সবচেয়ে গুরুত্বপূর্ণ কারণ হল খাবারের সংস্পর্শে আসা সমস্ত সারফেস এবং যন্ত্রপাতি যেন খাদ্যে বিক্রিয়াকারী ব্যাকটেরিয়া দ্বারা দূষিত না হয় তা নিশ্চিত করা। অন্যান্য কারণগুলির মধ্যে রয়েছে: কীটপতঙ্গ যেমন ইঁদুর, মাছি এবং তেলাপোকা রান্নাঘরে আকৃষ্ট হওয়া রোধ করতে রান্নাঘর প্রাণাণ এবং সরঞ্জাম পরিষ্কার করা অনেক কারণে গুরুত্বপূর্ণ। প্রথমত, এটি একটি স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখতে সাহায্য করে, যা ক্ষতিকারক ব্যাকটেরিয়া এবং ভাইরাসের বিস্তার রোধ করার জন্য অপরিহার্য।

নিম্নে ইকুইপমেন্ট এবং ইউটেনসিলস পরিষ্কার করার ও স্যানিটাইজিং করার জন্য ব্যবহৃত কেমিক্যালস/ ম্যাটেরিয়ালস ব্যবহার উল্লেখ করা হলো:

নাম বিবরণ ও ব্যবহার

- **ডিটারজেন্ট:** ক্লিনিং এর কাজে সর্বাধিক ব্যবহৃত হয়। ইহা পানির সাথে মিশে ময়লা, ধূলাবালি, গ্রীজ, তেল ইত্যাদি পরিষ্কার করে।
- **সোপ বা সাবান:** ইহা একটি বহুল প্রচলিত ক্লিনিং ম্যাটেরিয়ালস যা পানির সাথে মিশে ময়লা, গ্রীজ, তেল ইত্যাদি পরিষ্কার করে।
- **ক্লোরিন:** ইহা একটি জীবানু মুক্তকরণ কেমিক্যাল, যা স্যানিটাইজিং করার জন্য ব্যবহৃত হয়।
- **অ্যামোনিয়াঃ** ইহা একটি জীবানু মুক্তকরণ কেমিক্যাল, যা স্যানিটাইজিং করার জন্য ব্যবহৃত হয়।
- **স্পট ক্লিনিং এজেন্টস:** সাধারণত কোন কঠিন দাগ অপসারণ করার জন্য ব্যবহৃত হয়।
- **এয়ার ফ্রেসনার:** এরিয়া থেকে খারাপ গন্ধ দূর করার জন্য ব্যবহৃত হয়।
- **উইনডো ও গ্লাস ক্লিনার:** গ্লাস ক্লিন করতে ব্যবহৃত হয়।
- **মেটাল পলিশার:** মেটালের বডি পলিশ করতে ব্যবহৃত হয়।
- **পেস্টিসাইডস:** পোকা ও কীটপতঙ্গ ধ্বংসকারক কেমিক্যালস।

8.2 প্রোডাকশন এরিয়া রিকোয়ারমেন্ট অনুযায়ী পরিষ্কার করা।

প্রোডাকশন এরিয়া পরিষ্কার করার নিয়ম

সাধারণত স্বাস্থ্যবিধি, নিরাপত্তা এবং গুণমানের মান বজায় রাখার জন্য কঠোর প্রোটোকল মেনে চলে। এই নিয়ম প্রায়ই অন্তর্ভুক্ত।

- **নিয়মিত পরিষ্কারের সময়সূচী:** বিভিন্ন এলাকা পরিষ্কার করার জন্য নির্দিষ্ট সময়সূচী স্থাপন করা, যেমন উৎপাদনের আগে এবং পরে।
- **পরিষ্কার করার পদ্ধতি:** অনুমোদিত ক্লিনিং এজেন্ট ব্যবহার করে পৃষ্ঠতল, সরঞ্জাম এবং পাত্র পরিষ্কার করা।
- **স্যানিটাইজেশন:** ক্ষতিকারক ব্যাকটেরিয়া এবং দূষক দূর করার জন্য পৃষ্ঠগুলি সঠিকভাবে স্যানিটাইজ করা হয়েছে তা নিশ্চিত করা।
- **ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই):** দূষণ রোধ করার জন্য পরিষ্কারের কার্যক্রমের সময় উপযুক্ত পিপিই, যেমন গ্লাভস এবং মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করা।
- **পরিষ্কারের সরঞ্জামগুলির পৃথকীকরণ:** ক্রস-দূষণ রোধ করতে অন্যান্য এলাকায় ব্যবহৃত সরঞ্জামগুলি থেকে উৎপাদন এলাকায় ব্যবহৃত পরিষ্কারের সরঞ্জাম এবং সরঞ্জামগুলিকে আলাদা করা।
- **ডকুমেন্টেশন:** মান নিয়ন্ত্রণ এবং নিয়ন্ত্রক সম্মতির উদ্দেশ্যে তারিখ, সময় এবং অনুসরণ করা পরিষ্কারের পদ্ধতির বিশদ সহ পরিষ্কারের কার্যক্রমের রেকর্ড বজায় রাখা।
- **প্রশিক্ষণ:** কর্মচারীদের সঠিক পরিচ্ছন্নতার কৌশল, নিরাপত্তা প্রোটোকল এবং উৎপাদন এলাকায় পরিচ্ছন্নতা বজায় রাখার গুরুত্ব সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা।
- **কীটপতঙ্গ নিয়ন্ত্রণ:** কীটপতঙ্গের উপদ্রব রোধ করার জন্য ব্যবস্থাগুলি বাস্তবায়ন করা, যেমন প্রবেশের পয়েন্টগুলি সিল করা, ফাঁদ এবং টোপ ব্যবহার করা এবং কীটপতঙ্গের জন্য খাদ্যের উৎস নির্মূল করার জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা।
- **সরঞ্জাম রক্ষণাবেক্ষণ:** সঠিক কার্যকারিতা নিশ্চিত করতে এবং সরঞ্জামের ত্রুটি বা অবনতির কারণে দূষণ রোধ করতে উৎপাদন সরঞ্জামগুলির জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণের সময়সূচী স্থাপন করা। পরিচ্ছন্নতার নিয়ম এবং প্রোটোকলগুলিতে এই অতিরিক্ত বিবেচনাগুলি অন্তর্ভুক্ত করার মাধ্যমে, সংস্থাগুলি স্বাস্থ্যবিধি মানগুলিকে আরও উন্নত করতে পারে, দূষণের ঝুঁকি হ্রাস করতে পারে এবং একটি নিরাপদ এবং অনুগত উৎপাদন পরিবেশ বজায় রাখতে পারে।
- **ডকুমেন্টেশন এবং অডিট:** পরিষ্কারের লগ, পরিদর্শন রিপোর্ট, এবং পরিচ্ছন্নতার প্রোটোকল থেকে কোনও বিচ্যুতির প্রতিক্রিয়া হিসাবে গৃহীত সংশোধনমূলক পদক্ষেপ সহ পরিষ্কারের কার্যক্রমের বিস্তারিত রেকর্ড বজায় রাখা।
- **নিয়ন্ত্রক মানগুলির সাথে সম্মতি:** নিশ্চিত করা যে পরিষ্কার করার প্রোটোকলগুলি শিল্প-নির্দিষ্ট প্রবিধান এবং মান, যেমন গুড ম্যানুফ্যাকচারিং প্র্যাকটিস (GMP), বিপদ বিশ্লেষণ এবং সমালোচনামূলক নিয়ন্ত্রণ পয়েন্ট (HACCP), এবং খাদ্য নিরাপত্তা আধুনিকীকরণ আইন (FSMA) প্রয়োজনীয়তার সাথে সারিবদ্ধ। ব্যাকটেরিয়া তৈরি হওয়া রোধ করতে এবং তাদের গুণমান বজায় রাখতে প্রতিটি ব্যবহারের পরে রান্নাঘরের সরঞ্জাম এবং পাত্র পরিষ্কার করতে ভুলবেন না।
- **ফিডব্যাক মেকানিজম:** কর্মচারীদের পরিষ্কার করার প্রক্রিয়া এবং উৎপাদন এলাকায় পরিচ্ছন্নতা সংক্রান্ত যে কোনো সমস্যা বা উদ্বেগের বিষয়ে প্রতিক্রিয়া প্রদানের জন্য চ্যানেল স্থাপন করা, যাতে ক্রমাগত উন্নতি হয়। পরিচ্ছন্নতার নিয়ম এবং প্রোটোকলগুলিতে এই অতিরিক্ত বিবেচনাগুলি অন্তর্ভুক্ত করে, সংস্থাগুলি উৎপাদন এলাকায় পরিচ্ছন্নতা, স্বাস্থ্যবিধি এবং সুরক্ষা বজায় রাখার জন্য একটি বিস্তৃত কাঠামো তৈরি করতে পারে।

এই নিয়মগুলি শিল্প, নির্দিষ্ট উৎপাদন প্রক্রিয়া এবং নিয়ন্ত্রক প্রয়োজনীয়তার উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে। সংস্থাগুলির জন্য তাদের নির্দিষ্ট প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যাপক পরিচ্ছন্নতার প্রোটোকল তৈরি করা এবং পণ্যের গুণমান এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য কঠোরভাবে তাদের মেনে চলা অপরিহার্য।

৪.৩ ত্রুটিযুক্ত ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পৃথক করা হয় এবং যথাযথ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট প্রদান।

ত্রুটিযুক্ত ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পৃথক করা হয় এবং যথাযথ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট প্রদান চার ভাবে করতে পারি-

- ক) ত্রুটিপূর্ণ সরঞ্জাম সনাক্তকরণ
- খ) পৃথকীকরণ প্রক্রিয়া
- গ) কর্তৃপক্ষের কাছে রিপোর্ট প্রদান
- ঘ) প্রতিরোধমূলক ব্যবস্থা

ত্রুটিপূর্ণ সরঞ্জাম সনাক্তকরণ

মসৃণ ক্রিয়াকলাপ এবং কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে যে কোনও শিল্পে ত্রুটিপূর্ণ সরঞ্জাম সনাক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ত্রুটিপূর্ণ যন্ত্রপাতি দুর্ঘটনা, আঘাত, এমনকি প্রাণহানির কারণ হতে পারে যদি শনাক্ত করা না হয় এবং দ্রুত সমাধান করা হয়। ত্রুটিপূর্ণ সরঞ্জাম সনাক্তকরণ নিরাপত্তা, দক্ষতা, এবং সঠিক ফলাফলের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এখানে সমস্যা চিহ্নিত করার কিছু উপায় রয়েছে।



চাক্ষুষ পরিদর্শন

- সাধারণ সন্দেহভাজনদের সন্ধান করুন: ফাটল, ডেন্ট, আলগা বা অনুপস্থিত নব, চিপড ব্লেড এবং মিস্সার, স্লাইসার এবং গ্রাইন্ডারে জীর্ণ গ্যাসকেট।
- রেফ্রিজারেটর, ডিশওয়াশার এবং আইস মেশিনে পায়ের পাতার মোজাবিশেষ লিক হয়েছে কিনা পরীক্ষা করুন।
- ওভেন এবং ফ্রাইয়ারে, ক্ষতি বা বিবর্ণতার লক্ষণগুলির জন্য গরম করার উপাদান, পাইলট লাইট এবং থার্মোস্ট্যাটগুলি পরিদর্শন করুন।

কর্মক্ষমতা সমস্যা

- ওভেনে বা গ্রিডলে অসম রান্নার তাপমাত্রা একটি ত্রুটিপূর্ণ গরম করার উপাদান বা তাপস্থাপক নির্দেশ করে।
- যে ফ্রিজারগুলি সঠিক তাপমাত্রা বজায় রাখে না সেগুলি খাবার নষ্ট করতে পারে বা নিরাপত্তার ঝুঁকি তৈরি করতে পারে।
- কম পাওয়ার বা অস্বাভাবিক শব্দ সহ গ্রাইন্ডার বা মিস্সারগুলির নিস্তেজ ব্লেড, জীর্ণ বেল্ট বা মোটর সমস্যা থাকতে পারে।
- যে ডিশওয়াশারগুলি কার্যকরভাবে থালা-বাসন পরিষ্কার বা শুকায় না সেগুলি আটকে থাকা জেট, ত্রুটিপূর্ণ পাম্প বা একটি ত্রুটিপূর্ণ গরম করার উপাদান থাকতে পারে।

অস্বাভাবিক অধুততা

- জ্বলন্ত তার বা অতিরিক্ত উত্তপ্ত মোটরের মতো অধুত গন্ধের দিকে মনোযোগ দিন।

- এটি বৈদ্যুতিক সমস্যা বা অভ্যন্তরীণ উপাদান ব্যর্থতা নির্দেশ করতে পারে।
- ওভেন বা গ্রিল থেকে আসা অত্যধিক ধোঁয়া গরম করার উপাদানগুলির ত্রুটি বা গ্রীস তৈরির দিকে মনোযোগ দিন।

রক্ষণাবেক্ষণ

- আপনার শিল্প রান্নাঘরের যন্ত্রপাতিগুলির জন্য সরঞ্জাম ম্যানুয়াল এবং রক্ষণাবেক্ষণ লগবুকগুলি পর্যালোচনা করুন। অতিরিক্ত রক্ষণাবেক্ষণ বা পুনরাবৃত্ত সমস্যাগুলির জন্য দেখুন যা একটি উন্নয়নশীল ত্রুটির পরামর্শ দিতে পারে।

পৃথকীকরণ প্রক্রিয়া

একবার ত্রুটিপূর্ণ আইটেম সনাক্ত করা হলে, এটি অপারেশনাল এলাকা থেকে পৃথক করা প্রয়োজন। ত্রুটিপূর্ণ আইটেমগুলির জন্য বিশেষভাবে একটি মনোনীত স্থান তৈরি করুন, স্পষ্টভাবে চিহ্নিত এবং কার্যকরী সরঞ্জাম থেকে আলাদা। এটি নিশ্চিত করে যে ত্রুটিপূর্ণ আইটেমগুলি ভুলবশত ব্যবহার করা হবে না, সম্ভাব্য দুর্ঘটনা রোধ করে বা খাদ্যের গুণমানে আপস করা হয়।



বর্জ্য বিভাগ:

- **খাবারের বর্জ্য:** স্ক্র্যাপ, খোসা, অবশিষ্ট খাবার।
- **পূর্ণব্যবহারযোগ্য:** কার্ডবোর্ড, কাগজ, প্লাস্টিকের বোতল, খাতব ক্যান (নির্দিষ্ট আইটেমগুলির জন্য স্থানীয় নিয়মগুলি পরীক্ষা করুন)।
- **কম্পোস্টেবল:** ফল এবং উদ্ভিজ্জ স্ক্র্যাপ, কফি গ্রাউন্ড, ডিমের খোসা (যদি আপনার সুবিধার কম্পোস্টিং ক্ষমতা থাকে)।
- **ল্যান্ডফিল বর্জ্য:** প্লাস্টিকের মোড়ক, দূষিত খাবারের পাত্র এবং ভাঙা পাত্রের মতো অ-পূর্ণব্যবহারযোগ্য উপকরণ।

কর্তৃপক্ষের কাছে রিপোর্ট প্রদান

যথাযথ কর্তৃপক্ষের কাছে ত্রুটিপূর্ণ সরঞ্জাম, পাত্র বা সরঞ্জামের প্রতিবেদন করা কেবল একটি দায়িত্ব নয় বরং একটি নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখার প্রতিশ্রুতি। কোনো ত্রুটিপূর্ণ আইটেম সম্পর্কে অবিলম্বে আপনার সুপারভাইজার বা ম্যানেজারকে অবহিত করুন। ত্রুটির প্রকৃতি, অবস্থান, এবং এটির সম্ভাব্য ঝুঁকিগুলি সহ বিস্তারিত নথিভুক্ত করুন। এই ডকুমেন্টেশন ভবিষ্যতে পরিদর্শনের জন্য একটি রেফারেন্স হিসাবে কাজ করে এবং সময়মত প্রতিস্থাপন বা মেরামত নিশ্চিত করে।



8.8 ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস নির্ধারিত স্থানে সংরক্ষণ।

ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিল প্যাক করে নির্ধারিত স্থানে সংরক্ষণ এর নিয়ম-

ইকুইপমেন্ট এবং ইউটেনসিল প্যাক করার সঠিক নিয়ম মোতাবেক নির্ধারিত স্থানে সংরক্ষণ করা হয় যাতে তা সুরক্ষিত এবং প্রয়োজনীয় সময়ে সহজে অ্যাক্সেস করা যায়। প্যাকিং করার সময় সঠিক লেবেলিং করা উচিত যাতে প্রয়োজনে প্রোডাক্টগুলির খুঁটিনাটি সহজে খোঁজা যায়। এছাড়াও প্রয়োজনীয় প্রেসারাইজ করে প্যাক করা উচিত যাতে মোটামুটি জায়গার ভার সমান ভাবে বিতরণ হয়।

যদি ইকুইপমেন্ট এবং ইউটেনসিল প্যাক করে নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে চান, তবে নিম্নলিখিত পরামর্শগুলি মেনে চলা উচিত:

- প্যাকিং করার আগে সব ইকুপমেন্ট এবং ইউটেনসিল সম্পর্কে ধরন, পরিমাণ, এবং ব্যবহারের প্রকৃতি সম্পর্কে ভালো ধারণা থাকতে হবে।
- প্রয়োজনীয় সময়ে ব্যবহার করা সহজ হওয়া জন্য সময়মত লেবেলিং করা উচিত।
- অ্যাক্সেস করার সুবিধার্থে প্রয়োজনে প্রোডাক্টগুলির একটি তালিকা তৈরি করা যেতে পারে।
- মোটামুটি জায়গার ভার সমান ভাবে বিতরণ হতে নিশ্চিত হওয়া প্রয়োজনীয়।
- সংরক্ষণের স্থানের পরিবেশনা স্বচ্ছ এবং সুরক্ষিত হওয়া উচিত।

টুলস এন্ড ইউটেনসিল এবং ইকুপমেন্ট নির্ধারিত স্থানে সংরক্ষন নিয়ম

কিচেনের সরঞ্জাম এবং যন্ত্রপাতি অত্যন্ত প্রয়োজনীয় যা রান্না, কাটা, প্রস্তুত, খাওয়া এবং পরিবেশনের প্রয়োজনে ব্যবহার হয়। তাই ইহার সঠিকভাবে যত্ন নেয়া, রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষিত স্থানে মজুদ করা গুরুত্বপূর্ণ। কিচেনের সরঞ্জাম এবং যন্ত্রপাতিগুলো সাবধানে সংরক্ষণ করে মজুদ করতে হবে।

কিচেনের সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংরক্ষণ করার জন্য, কয়েকটি পদ্ধতি ব্যবহার করা যায় -

- **অন-দ্য-কাউন্টার স্টোরেজ (On-the-counter storage):** কাজ করার সময় যে কাউন্টার বা স্টেশনে কাজ সম্পন্ন করবে, সেখানে স্টোর করাকে অন-দ্য-কাউন্টার স্টোরেজ (On-the-counter storage) বলে। কিচেনের সরঞ্জাম এবং যন্ত্রপাতিগুলো হাতের নাগালের মধ্যেই সংরক্ষণ করা যেতে পারে। এতে সরঞ্জাম এবং যন্ত্রপাতিগুলো আলাদা, সংগঠিত এবং সহজেই পাওয়া যায়। এতে বেশী ডীপ ড্রয়ারে সরঞ্জাম এবং যন্ত্রপাতিগুলো রাখতে হয় না। কারণ বেশী ডীপ ড্রয়ারে ছুরি বা ধারালো কোন কিছুর মাধ্যমে হাত কেটে যাবার ঝুঁকি থেকে যায়।



- **ড্রয়ার অর্গানাইজার (Drawer organizers) :** ড্রয়ার অর্গানাইজারের মাধ্যমে সব আকারের সরঞ্জাম এবং যন্ত্রপাতিগুলো গুছিয়ে রাখার জন্য ব্যবহার করা যেতে পারে। এভাবে স্টোরেজ করলে সেগুলিকে শুধু সংগঠিত করতে সাহায্য করবে না, যাতে সঠিক সময়ে সহজেই খুঁজে পাওয়া যায়। এছাড়াও কোন ধরনের ড্যামেজ ও বাঁকানো হতে রক্ষা করে।



- **নাইফ ব্লক (Knife block):** অতিরিক্ত সতর্কতা অবলম্বন করার জন্য নাইফ ব্লক করতে পারি। এই ধরনের নাইফ ব্লক ডিজাইন করা হয় যাতে ধারালো কোন কিছু থেকে আঘাত বা দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়া যায়।



সেলফ চেক (Self-Check)- ৪ ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে

১. ইউটেনসিল এবং ইকুইপমেন্ট পরিষ্কার করা ও স্যানিটাইজ করার ব্যবহৃত কয়েকটি ক্যামিক্যালের নাম লিখ?
উত্তর:

২. বাণিজ্যিক রান্নাঘর কোন কোন কোন সময় পরিষ্কার করা উচিত ?
উত্তর:

৩. পরিষ্কার পরিচ্ছন্নতা বলতে কি বোঝ?
উত্তর:

৪. পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্যবিষয়ক মানদণ্ড বা ওএসএইচ (OSH) স্ট্যান্ডার্ড বলতে কী বোঝায়?
উত্তর:

৫. টুলস এন্ড ইউটেনসিলের সংরক্ষন নিয়মগুলো কি কি?
উত্তর:

৬. ত্রুটিপূর্ণ সরঞ্জাম কভাবে চিহ্নিত করবেন?
উত্তর:

উত্তর পত্র (Answer Key)- ৪: ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে।

১. ইউটেনসিল এবং ইকুইপমেন্ট পরিষ্কার করা ও স্যানিটাইজ করার ব্যবহৃত কয়েকটি ক্যামিক্যালের নাম লিখ?

উত্তর: ডিটারজেন্ট, সোপ বা সাবান, ক্লোরিন, অ্যামোনিয়া, স্পট ক্লিনিং এজেন্টস।

২. বাণিজ্যিক রান্নাঘর কোন কোন কোন সময় পরিষ্কার করা উচিত?

উত্তর:

- প্রতি শিফটের আগে
- প্রতি শিফটের সময়
- প্রতি শিফটের পরে
- প্রতি শিফটের সময়
- সপ্তাহিক
- মাসিক

৩. পরিষ্কার পরিচ্ছন্নতা বলতে কি বোঝ?

উত্তর: পরিষ্কার-পরিচ্ছন্নতা হল জীবাণু, ময়লা, আবর্জনা বা বর্জ্য থেকে পরিষ্কার ও মুক্ত থাকার অবস্থা এবং সেই অবস্থা অর্জন ও বজায় রাখার অভ্যাস। পরিচ্ছন্নতা প্রায়শই পরিষ্কারের মাধ্যমে অর্জন করা হয়।

৪. পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্যবিষয়ক মানদণ্ড বা ওএসএইচ (OSH) স্ট্যান্ডার্ড বলতে কী বোঝায়?

উত্তর: পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্যবিষয়ক মানদণ্ড বা ওএসএইচ (OSH) হলো একটি আইন ও মানদণ্ড। কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তাজনিত ঝুঁকি কমাতে এটি সবাই মেনে চলতে বাধ্য। OSH মানদণ্ডের লক্ষ্য হলো ন্যূনতম সুরক্ষা প্রদান করা। যা ক্ষত, অসুস্থতা বা মৃত্যুর মতো বিপদ থেকে রক্ষা পেতে প্রত্যেক শ্রমিক অবশ্যই মেনে চলবে।

৫. টুলস এন্ড ইউটেনসিলের সংরক্ষণ নিয়মগুলো কি কি?

উত্তর:

- অন-দ্য-কাউন্টার স্টোরেজ (On-the-counter storage)
- ড্রয়ার অর্গানাইজার (Drawer organizers)
- নাইফ ব্লক (Knife block)

৬. ত্রুটিপূর্ণ সরঞ্জাম কিভাবে চিহ্নিত করবেন?

উত্তর: ত্রুটিপূর্ণ সরঞ্জাম চিহ্নিত করার নিয়মগুলো হলো-

- চাক্ষুষ পরিদর্শন
- কর্মক্ষমতা সমস্যা
- অস্বাভাবিক অধুততা
- রক্ষণাবেক্ষণ

জব শিট-৪: ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করুন।

কাজের নাম: প্লেট পরিষ্কার ও জীবাণুমুক্তকরণ।

কাজের ধারা:

(কাজের সময় অবশ্যই রান্না ঘর/কিছেনের চাহিদানুযায়ী নিরাপত্তা বিধি অনুসরণ এবং রান্না ঘর/কিছেনের বেসিক সুবিধাদি নিশ্চিত করতে হবে।)

১. কাজের প্রয়োজন অনুযায়ী বক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।
২. একটি ব্যবহৃত প্লেট নিন।
৩. প্লেটটিতে প্রবাহিত পানি দিয়ে ভালোভাবে ধুয়ে নিন।
৪. ধোয়ার পরে লিকুইড সোপ মিশ্রিত ফোম স্কাবার দিয়ে এটিকে পরিষ্কার করুন।
৫. উষ্ণ জল কল ছেড়ে দিয়ে প্লেটটিতে পানি লাগিয়ে নিন।(উষ্ণ জলের কল না থাকলে কোন পানি ঢালার পাত্র দিয়ে উষ্ণ জল ঢেলে দিতে হবে।)
৬. উষ্ণ পানি পুঙ্খানুপুঙ্খভাবে ধুয়ে স্যানিটাইজ (জীবাণুমুক্তকরণ) করুন। ঠিকমতো স্যানিটাইজিংয়ের মাধ্যমে উপস্থিত বেশিরভাগ বিপদজনক ব্যাকটেরিয়া দূর হবে।
৭. পরিষ্কার কিচেন টাওয়েল বা এয়ার ড্রাইং দিয়ে শুকিয়ে নিন।
৮. সম্পূর্ণ কাজটি শেষ হলে নির্ধারিত স্থানে সংরক্ষণ করুন।

স্পেসিফিকেশন শিট-৪ : ইকুইপমেন্ট, ইউটেনসিল এবং টুলস পরিষ্কার এবং স্টোর করুন।

প্রয়োজনীয় পিপিই

ক্রমিক নং	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	শেফ ক্যাপ	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
২.	এ্যাপ্রোন	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৩.	শেফ	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৪.	কিচেন টাওয়াল	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৫.	সু	স্ট্যান্ডার্ড অনুযায়ী	জোড়া	০১
৬.	রাবার হ্যান্ড গ্লোভস	স্ট্যান্ডার্ড অনুযায়ী	জোড়া	০১

প্রয়োজনীয় সরঞ্জাম ও উপাদান

ক্রমিক নং	টুলস এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	লিকুইড ক্লিনার	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
২.	কিচেন টাওয়াল	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৩.	মাজুনি/ব্রাশ	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১
৪.	গরম পানি	স্ট্যান্ডার্ড অনুযায়ী		প্রয়োজন অনুযায়ী
৫.	এয়ার ড্রাইয়ার	স্ট্যান্ডার্ড অনুযায়ী	সংখ্যা	০১

দক্ষতা পর্যালোচনা (Review of Competency)

প্রশিক্ষণার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষণার্থী নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্মদক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে “হ্যাঁ” এবং সক্ষমতা অর্জিত না হলে “না” বোধক ঘরে টিকচিহ্ন দিন।		
কর্মদক্ষতা মূল্যায়নের মানদণ্ড	হ্যাঁ	না
পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য (ওএসএইচ) অনুসরণ এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করতে পারবে।		
প্রয়োজনীয় ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস নির্বাচন করতে পারবে।		
এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার বর্ণনা করতে পারবে।		
এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবারের জন্য উপকরণ নির্বাচন করতে পারবে।		
এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী রান্না প্রস্তুত করার জন্য রান্নার সময় এবং পদ্ধতিগুলো রিকোয়ারমেন্ট অনুযায়ী বজায় রাখতে পারবে।		
এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার প্রয়োজনীয় মেনু আইটেমের উপর ভিত্তি করে প্রস্তুত করতে পারবে।		
থিকিনিং এজেন্ট এবং সুবিধাজনক পণ্য রিকোয়ারমেন্ট হিসাবে ব্যবহার করতে পারবে।		
এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী রান্নার স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা মূল্যায়ন এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী ত্রুটিগুলো সনাক্ত ও সংশোধন করতে পারবে।		
বিভিন্ন স্টোরেজ অঞ্চলে তাপমাত্রার জন্য বেস্ট প্র্যাকটিস বজায় রাখতে পারবে।		
কঠোর স্বাস্থ্যবিধি অনুসরণ করতে পারবে।		
এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবারগুলো মান অনুযায়ী সর্বোত্তম সতেজতা এবং গুণমান বজায় রেখে সংরক্ষণ করতে পারবে।		
এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী রন্ধনশৈলী ধারাবাহিকতার উপযুক্ত মানের জন্য পুনর্গঠন করতে পারবে।		
ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিলস কর্মক্ষেত্রের মান অনুযায়ী পরিষ্কার করতে পারবে।		
প্রোডাকশন এরিয়া রিকোয়ারমেন্ট অনুযায়ী পরিষ্কার করতে পারবে।		
ত্রুটিযুক্ত ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পৃথক করা হয় এবং যথাযথ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করতে পারবে।		
ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিলস প্যাক করা হয় এবং নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে পারবে।		

আমি (প্রশিক্ষণার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখঃ

প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখঃ

সিবিএলএম প্রণয়ন (Development of CBLM)

‘এশিয়ান, ইন্ডিয়ান এবং বাংলাদেশী খাবার প্রস্তুত’ (অকুপেশন: ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন লেভেল-০৩) শীর্ষক কম্পিউটারি বেজড লার্নিং ম্যাটেরিয়াল (সিবিএলএম)-টি জাতীয় দক্ষতা সনদায়নের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সিমেক সিস্টেম, ইসিএফ কনসালটেন্সি এবং সিমেক ইনস্টিটিউট অফ টেকনোলজি (যৌথ উদ্যোগ প্রতিষ্ঠান) এর সহায়তায় প্যাকেজ SD-9B (তারিখ: ১৫ জানুয়ারী ২০২৪) প্রকল্পের অধীনে ২০২৪ সনের আগস্ট মাসে প্রণয়ন করা হয়েছে।

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পদবী	মোবাইল নং ও ইমেইল
০১	মোঃ ইয়াহইয়া চৌধুরী	লেখক	০১৭২০-৩২৮৮৯৯
০২	আনন্দ ফালিয়া	সম্পাদক	০১৭১৬-৭৫৪৮৫৮
০৩	ইঞ্জি: মো: জুয়েল পারভেজ	কো-অর্ডিনেটর	০১৭৩৭-২৭৮৯০৬
০৪	মোঃ মোফাজ্জেল হোসেন	রিভিউয়ার	০১৭২২-৮৭৫৫৩৯

রেফারেন্স

1. <https://asianinspirations.com.au/food-knowledge/assorted-sushi/>
2. <https://myheartbeats.com/navratan-korma-vegetable-korma/>
3. <https://food.ndtv.com/lists/10-best-hyderabad-recipes-1442115>
4. <https://bangla.bdnews24.com/lifestyle/article1052450.bdnews>
5. <https://www.refrigeratedfrozenfood.conyarticles/93129-use-care-maintenance-of-cleaning-tools>
6. <https://www.tasteofhome.conyarticle/kitchen-safety-tips/>
7. <http://foodtechnologyatmanorlakes.weebly.comshygiene-and-safety-in-the-kitchen.html>